



सुदीप राय बर्मन

**Sudip Roy Barman**  
MINISTER

**Government of Tripura**  
Department of Health & FW,  
Science, Tech. & Environment,  
I&C (IT), PWD (DWS)  
☎: 0381-241-4047  
☎: +91 9436123541  
✉: sudip.roybarman@gmail.com

D.O. No.....1908..... Date. 28/09-2018.

**জাতীয় স্বেচ্ছা রক্তদান দিবস উদ্‌যাপন উপলক্ষে  
মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর আবেদন**

১ অক্টোবর ২০১৮ জাতীয় স্বেচ্ছা রক্তদান দিবস। এই বছরের ভাবনা রক্তদানেই আনন্দ। এই দিবস উপলক্ষে রাজ্যেও জনসচেতনতামূলক কর্মসূচি পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই দিবসের উদ্দেশ্য হল স্বেচ্ছায় নিয়মিত রক্তদানে এগিয়ে আসতে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। আমাদের রাজ্য স্বেচ্ছা রক্তদানে সারা দেশে অগ্রগণ্য ভূমিকা পালন করছে। বর্তমানে আমরা স্বেচ্ছা রক্তদানের হার ধাপে ধাপে বৃদ্ধি করতে বদ্ধপরিকর। আমাদের লক্ষ্য ১০০ শতাংশ স্বেচ্ছা রক্তদান সুনিশ্চিত করা। রক্তদানে সমর্থ মানুষ রক্তের অপচয় না করে নিয়মিত ব্যবধানে রক্তদান শিবিরের পাশাপাশি ব্লাড ব্যাঙ্কে গিয়েও রক্তদানের অভ্যাস গড়ে তুলতে আমি আবেদন জানাচ্ছি। মনে রাখবেন ১৮ থেকে ৬০ বছর পর্যন্ত যারা নিয়মিত রক্তদান করেন তাঁরা ৬৫ বছর পর্যন্ত রক্তদান করতে পারেন। সুস্থ সবল পুরুষরা তিন মাস অন্তর অন্তর এবং মহিলারা চার মাস অন্তর অন্তর রক্তদান করতে পারেন। স্বেচ্ছা রক্তদানে সমর্থ যে সমস্ত ব্যক্তি এখনও স্বেচ্ছায় রক্তদান করেননি তাঁদের কাছে আমার সনির্বন্ধ অনুরোধ তাঁরা যেন অসুস্থ ও বিপন্ন মানুষের জীবন রক্ষার্থে নিয়মিত রক্তদান শুরু করেন। মনে রাখতে হবে সুস্থ ও স্বাভাবিক মানুষের দেহে উদ্বৃত্ত রক্ত থাকে। এর একটি অংশ স্বেচ্ছা রক্তদানের সময় সংগ্রহ করা হয়। পাশাপাশি আপনি যদি রক্তদান নাও করেন তাহলেও রক্তের লোহিত রক্ত কণিকা প্রায় ১২০ দিন পর দেহের মধ্যেই ভেঙ্গে যায়। তাই অপচয় না করে মানুষের জীবন রক্ষায় স্বেচ্ছা রক্তদানের মত মহৎ দানে সবাইকে এগিয়ে আসতে বিনম্রভাবে আবেদন জানাচ্ছি।

সুদীপ রায় বর্মন

(সুদীপ রায় বর্মণ)

মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর